গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, খুলনা
আইসিটি শাখা

## জেলা আইসিটি বিষয়ক কমিটির সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | খন্দকার ইয়াসির আরেফীন জেলা প্রশাসক, খুলনা |
| সভার তারিখ ও সময় | : | ২৭-১২-২০২২ খ্রিস্টাব্দ, সময় : বিকাল ০২.৩০ মিনিট |
| সভার স্থান | : | সম্মেলন কক্ষ, জেলা প্রশাসকের কার্যালয়, খুলনা |
| সভায় উপস্থিতি | : | পরিশিষ্ট-ক |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), খুলনা গত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। কার্যবিবরণীতে সংশোধন না থাকায় তা দৃঢ়করণ করা হয়। অত:পর সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহীত হয়;

আলোচ্যসূচি : ইউনিয়ন ডিজিটাল সেন্টার (ইউডিসি) পরিদর্শন

১. জেলা প্রশাসক এবং অতিরিক্ত জেলা প্রশাসকগণ কর্তৃক পরিদর্শন/দর্শন

| ক্রমিক নং | পরিদর্শনকারী কর্মকর্তার পদবী | ইউডিসি পরিদর্শন | ইউডিসি দর্শন |
|---|---|---|---|
| ১. | জেলা প্রশাসক, খুলনা | -- | ৩টি |
| ২. | উপ-পরিচালক (স্থানীয় সরকার) | ২টি | ৩টি |
| ৩. | অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), খুলনা | ২টি | ২টি |

সিদ্ধান্ত : অতিরিক্ত জেলা প্রশাসকগণ নিয়মিত ইউডিসি পরিদর্শন করবেন

**বাস্তবায়নে :** অতিরিক্ত জেলা প্রশাসক (সকল)।

২. উপজেলা নির্বাহী অফিসারগণ কর্তৃক ইউডিসি পরিদর্শন/দর্শন ও অন্যান্য তথ্য

| ক্র: নং | উপজেলা | উপজেলা আইসিটি কমিটির সভা সংক্রান্ত | | ইউডিসি পরিদর্শন/দর্শন | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | সভার তারিখ | সভার কার্যবিবরণী প্রেরণ করেছেন কিনা? | মোট ইউডিসির সংখ্যা | ইউএনও কর্তৃক পরিদর্শন | ইউএনও কর্তৃক দর্শন | ন্যাশনাল পোর্টাল প্রশিক্ষণ দেওয়া (ইউডিসির সংখ্যা) |
| ১ | রূপসা | ২৩-১১-২০২২ | হ্যাঁ | ০৫ | ০৩ | ০২ | ০৫ |
| ২ | তেরখাদা | ২৪-১১-২০২২ | হ্যাঁ | ০৬ | ০২ | ০৩ | ০৬ |
| ৩ | দিঘলিয়া | ২০-১১-২০২২ | হ্যাঁ | ০৬ | ০৩ | ০৩ | ০৬ |
| ৪ | ফুলতলা | ২১-১১-২০২২ | হ্যাঁ | ০৪ | ০২ | ০২ | ০৪ |
| ৫ | ডুমুরিয়া | ২৩-১১-২০২২ | হ্যাঁ | ১৪ | ০৩ | ০৩ | ১৪ |
| ৬ | বটিয়াঘাটা | ২২-১১-২০২২ | হ্যাঁ | ০৭ | ০২ | ০২ | ০৭ |
| ৭ | দাকোপ | ২০-১১-২০২২ | হ্যাঁ | ০৯ | ০৩ | ০২ | ০৯ |
| ৮ | পাইকগাছা | ২১-১১-২০২২ | হ্যাঁ | ১০ | ০৩ | ০৩ | ১০ |
| ৯ | কয়রা | ২৩-১১-২০২২ | হ্যাঁ | ০৭ | ০৩ | ০২ | ০৭ |
| | | | মোট | ৬৮ | ২৪ | ২২ | ৬৮ |

সিদ্ধান্ত : উপজেলা নির্বাহী অফিসারগণ নিয়মিত ইউডিসি পরিদর্শন করবেন। ইউডিসি পরিদর্শনের তথ্যাদি প্রতিমাসের ৩০ তারিখের মধ্যে আইসিটি শাখায় প্রেরণ করবেন।

**বাস্তবায়নে :** উপজেলা নির্বাহী অফিসার (সকল)

০৩। আইসিটি সভার নির্ধারিত আলোচ্য বিষয়াবলি এবং গৃহীত সিদ্ধান্তসমূহ

| ক্র: নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ৩.১ | উপজেলা আইসিটি কমিটি'র সভা অনুষ্ঠান | উপজেলা নির্বাহী অফিসারগণ নিয়মিত উপজেলা আইসিটি কমিটির সভা আয়োজনের ব্যবস্থা করবেন। | উপজেলা আইসিটি কমিটির কার্যবিবরণী প্রতি মাসের ০৫ তারিখের মধ্যে জেলা প্রশাসক বরাবর প্রেরণ করবেন। | উপজেলা নির্বাহী অফিসার (সকল) |
| ৩.২ | ইউনিয়ন ডিজিটাল সেন্টার (ইউডিসি) সংক্রান্ত | ইউনিয়ন ডিজিটাল সেন্টার এর আয়/সেবা বৃদ্ধি করতে হবে। উদ্যোক্তাদের আয়/ সেবা-র তথ্য একসেবা সিস্টেমে আপলোড করতে হবে। সকল ইউনিয়ন ডিজিটাল সেন্টারে উদ্যোক্তাদের উপস্থিতি এবং যে সকল ইউনিয়নে উদ্যোক্তা নেই সে সকল ইউনিয়ন ডিজিটাল সেন্টারে ১ জন পুরুষ ও ১ জন নারী উদ্যোক্তা নিয়োগ দেওয়ার ব্যাপারে নির্দেশনা হয়। | ১। উদ্যোক্তাদের আয়/সেবা-র তথ্য একসেবা সিস্টেমে আপলোড নিশ্চিত করতে হবে।<br>২। ইউডিসির আয়/সেবা সংক্রান্ত তথ্য প্রতি মাসের ০৩ (তিন) তারিখের মধ্যে এ কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার (সকল) সহকারী প্রোগ্রামার (সকল), খুলনা |
| ৩.৩ | জেলা ও উপজেলার সকল সরকারি অফিসের জাতীয় তথ্য বাতায়ন হালনাগাদকরণ সংক্রান্ত | জেলা ও উপজেলার সকল সরকারি অফিসের জাতীয় তথ্য বাতায়ন হালনাগাদ করার বিষয়ে নির্দেশন প্রদান করা হয়। | জেলা ও উপজেলার সকল সরকারি অফিসের জাতীয় তথ্য বাতায়ন হালনাগাদকরণের জন্য পত্র প্রেরণ করতে হবে। | জেলা, উপজেলা পর্যায়ের সকল দপ্তর প্রধান, খুলনা উপজেলা নির্বাহী অফিসার (সকল),খুলনা প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার (সকল) খুলনা<br>ইউপি সচিব (সকল) খুলনা |
| ৩.৪ | ই-ফাইল (নথি) সংক্রান্ত | জেলা প্রশাসকের কার্যালয়, খুলনায় ও সকল উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে ই-নথি ব্যবহার জোরদার করার বিষয়ে জানানো হয়। এছাড়া, এ জেলার যেসকল অফিসে ই-নথি বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে তাদেরকে লাইভ সার্ভারে ই-নথিতে কাজ বৃদ্ধি করার জন্য নির্দেশনা দেওয়া হয়। | খুলনা জেলায় যে সকল অফিসসমূহ ই-নথিতে লাইভে আছে সে সকল অফিসের ই-নথিতে কার্যক্রম বৃদ্ধি করতে হবে। | সংশ্লিষ্ট সকল কর্মকর্তা প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার, খুলনা |
| ৩.৫ | শেখ রাসেল ডিজিটাল ল্যাব সংক্রান্ত | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আইসিটি) অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত "সারাদেশের শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার ও ভাষা প্রশিক্ষণ ল্যাব স্থাপন প্রকল্প" এর আওতায় খুলনা জেলায় সর্বমোট ১৫৮ টি শিক্ষা প্রতিষ্ঠানে 'শেখ রাসেল ডিজিটাল ল্যাব' এবং ০৬ টি শিক্ষা প্রতিষ্ঠানে স্কুল অব ফিউচার ল্যাব স্থাপন করা হয়েছে। সকল ল্যাব যথাযথভাবে রক্ষণাবেক্ষণ, ব্যবহার ও পরিদর্শনের উপর গুরুত্বারোপ করা হয়। শিক্ষার্থীরা শেখ রাসেল ডিজিটাল ল্যাব ব্যবহার করবে পাশাপাশি বেকার যুবক/যুব মহিলাদের ল্যাব ব্যবস্থার সুযোগ করে দিতে হবে। ল্যাবের কোন কম্পিউটার যন্ত্রাংশ নষ্ট/অচল থাকলে মেরামত করতে হবে। | ১। শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত ল্যাবসমূহ সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করতে হবে।<br>২। জেলা/উপজেলা আইসিটি কমিটির সকল সদস্য ও সহকারী প্রোগ্রামার শেখ রাসেল ডিজিটাল ল্যাব পরিদর্শন করবেন এবং পরিদর্শন রিপোর্ট প্রেরণ করবেন।<br>৩। ল্যাবের কোন কম্পিউটার যন্ত্রাংশ নষ্ট/অচল থাকলে ল্যাব ব্যবহার নীতিমালা ২০১২ অনুসারে, সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান নষ্ট/অচল কম্পিউটার যন্ত্রাংশ মেরামত/ক্রয় নিশ্চিত করবেন। | প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার (সকল), খুলনা<br><br>অধ্যক্ষ/প্রধান শিক্ষক, সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান, খুলনা |

| ক্র: নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ৩.৬ | মাল্টিমিডিয়া ক্লাসরুম সংক্রান্ত | খুলনা জেলা/উপজেলা পর্যায়ে মাল্টিমিডিয়া ক্লাস বৃদ্ধির বিষয়ে বলা হয়। এজন্য জেলা/উপজেলা শিক্ষা কর্মকর্তা এবং সংশ্লিষ্ট সকলকে নিয়মিতভাবে শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন করার উপর জোর দেয়া হয়। | ১। শিক্ষা প্রতিষ্ঠানসমূহ সরেজমিনে পরিদর্শন করে মাল্টিমিডিয়া ক্লাস বৃদ্ধির পদক্ষেপ নিতে হবে।<br>২। সকল শিক্ষা প্রতিষ্ঠানের মাল্টিমিডিয়া ক্লাসরুম এর তথ্য শতভাগ এমএমসি সিস্টেমে আপলোড নিশ্চিত করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার (সকল) ও খুলনা জেলা শিক্ষা অফিসার, খুলনা। |
| ৩.৭ | সরকারি ই-মেইল ব্যবহার সংক্রান্ত | সকল অফিসের দাপ্তরিক যোগাযোগের জন্য ই-মেইল ব্যবহার করতে হবে। ই-মেইলে প্রাপ্ত পত্রের বিষয়ে কার্যক্রম গ্রহণ করার জন্য নির্দেশনা রয়েছে। | ই-মেইল ব্যবহার করে দাপ্তরিক পত্রালাপ বৃদ্ধি করতে হবে। | জেলা/উপজেলা পর্যায়ের অফিস প্রধান (সকল), খুলনা |
| ৩.৮ | মাইগভ ওয়েবসাইট ও অ্যাপ ব্যবহার সংক্রান্ত | মাইগভ ওয়েবসাইট ও অ্যাপ ব্যবহার মাধ্যমে সরকারের সকল ই-সেবা পাওয়া যায়, এ বিষয়ে ব্যাপক প্রচারণা করতে হবে। | মাইগভ ওয়েবসাইট ও অ্যাপ ব্যবহার বিষয়ে প্রচারণাবৃদ্ধির জন্য উপজেলা পর্যায়ে কর্মরত তথ্য আপাদের প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার (সকল) এবং সহকারী প্রোগ্রামার (সকল), তথ্য আপা (সকল) খুলনা। |
| ৩.৯ | অনলাইনে রেকর্ডরুম হতে পর্চা সরবরাহ | নভেম্বর/২০২২ মাসে অনলাইনে মোট ৫,৭০০টি পর্চা পাওয়া যায়। খুলনা জেলাধীন সকল ইউনিয়ন ডিজিটাল সেন্টার থেকে অনলাইনে পর্চা প্রদানের জন্য গত ০৬/০৭/২০২০ খ্রি.তারিখে ২৯১ নম্বর স্মারকে অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) ও উপজেলা নির্বাহী অফিসার সকলকে অনুরোধ করা হয়। | খুলনা জেলা তথ্য বাতায়ন ব্যবহার করে পর্চা প্রদানের ব্যবস্থা নিতে হবে।<br><br>খুলনা জেলাধীন সকল ইউনিয়ন ডিজিটাল সেন্টার থেকে অনলাইনে পর্চা প্রদানের ব্যবস্থা নিতে হবে। | অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), উপজেলা নির্বাহী অফিসার (সকল) এবং সহকারী কমিশনার (রেকর্ডরুম) খুলনা। |
| ৩.১০ | বিবিধ | সভায় জেলা ও উপজেলার সকল সরকারি দপ্তরে ইনফো সরকার-২ প্রকল্প থেকে প্রদত্ত ইন্টারনেট সেবা নিরবিছিন্ন করার জন্য নির্দেশনা প্রদান করা হয়।<br>ওয়েব পোর্টাল হালনাগাদ করার জন্য তিন মাস পর পর সকল দপ্তর প্রধানকে নিয়ে Zoom মিটিং করা নির্দেশনা রয়েছে এবং ইন্টারনেট সেবা প্রদানের জন্য সামিটকে পত্র দেওয়ার সিদ্ধান্ত হয়। | জেলা ও উপজেলার পর্যায়ের কোন সরকারি দপ্তরে ইন্টারনেট সমস্যা দেখা দিলে তাৎক্ষণিকভাবে সামিট, খুলনা জেলা শাখা দ্রুততম সময়ের মধ্যে সমস্যার সমাধান করবে। সামিট এর প্রতিনিধির এ সভায় উপস্থিত থাকতে হবে। | জেলা ও উপজেলা পর্যায়ের সকল কর্মকর্তা, উপজেলা নির্বাহী অফিসার (সকল) সহকারী নেটওয়ার্ক প্রকৌশলী এবং সামিট কমিউনিকেশন লিমিটেড |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৫.০১.২০২৩

খন্দকার ইয়াসির আরেফীন
জেলা প্রশাসক
খুলনা
ফোন: ০২৪৭৭-৭২১১১১
e-mail: dckhulna@mopa.gov.bd

স্মারক সংখ্যা-০৫.৪৪.৪৭০০.০৩২.০৬.০০১.২২- ০৫ তারিখ: ০৫/০১/২০২৩ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো: (জৈষ্ঠতার ক্রমানুসারে নয়)

১) সিনিয়র সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
২) মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
৩) বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনা
৪) পুলিশ সুপার, পুলিশ সুপারের কার্যালয়, খুলনা
৫) উপপরিচালক,স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, খুলনা
৬) প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, খুলনা
৭) সিভিল সার্জন, খুলনা
৮) নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, খুলনা
৯) উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খুলনা
১০) জেলা মৎস্য কর্মকর্তা, খুলনা
১১) উপজেলা নির্বাহী অফিসার (সকল), খুলনা
১২) উপ-পরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, খুলনা
১৩) জেলা শিক্ষা কর্মকর্তা, জেলা শিক্ষা অফিস, খুলনা
১৪) জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, জেলা প্রাথমিক শিক্ষা অফিস, খুলনা
১৫) অধ্যক্ষ, সরকারি মজিদ মেমোরিয়াল সিটি কলেজ, খুলনা
১৬) উপ-মহাব্যাবস্থাপক (মেট্রো), বিটিসিএল, খুলনা
১৭) প্রধান শিক্ষক, খুলনা জিলা স্কুল, খুলনা
১৮) অধ্যক্ষ, কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, খুলনা
১৯) আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, খুলনা
২০) প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, খুলনা
২১) সহকারী প্রোগ্রামার (সকল), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা কার্যালয়, খুলনা
২২) জনাব এস এম মিশকাতুল ইসলাম, ফাউন্ডার এন্ড সিইও, খুলনা
২৩) জনাব আবু তাহের প্রিন্স, জেলা প্রতিনিধি, সিআরআই, খুলনা
২৪) জনাব শেখ মোঃ শিবলী শাহরিয়ার, সিইও, জমজম আইটি, খুলনা
২৫) জনাব আব্দুল্লাহ আল ফরহাদ, ব্যাবস্থাপক, ক্রিয়েটিভ আইটি ইনস্টিটিউভ, খুলনা

০৫.০১.২০২৩

জেলা প্রশাসক
খুলনা